গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৯, ঢাকা
৩২ গরীব-ই-নেওয়াজ এভিনিউ,
সেক্টর-১৩, উত্তরা, ঢাকা
www.taxeszone9dhaka.gov.bd

নথি নংঃ প্রঃ/(নিয়োগ-২০২২)/২০২২-২০২৩/ ৬৮৭

২৪ বৈশাখ, ১৪৩০ বাং
তারিখঃ ০৭/০৫/২০২৩ ইং

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.২৫২/১, তারিখঃ ০৩/০৭/২০২২ অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর কমিশনার, কর অঞ্চল-৯, ঢাকা এর অধীনে গ্রেড- ১৩ হতে গ্রেড- ২০ পর্যন্ত বিভিন্ন শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে ঢাকা বিভাগের অন্তর্ভুক্ত নিম্নবর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে অনলাইনে (http://tax9.teletalk.com.bd) ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতন গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুয়ায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | ঢাকা বিভাগের যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩ (টাঃ ১১,০০০ - ২৬,৫৯০) | ১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁট-লিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলা-৫০ ও ইংরেজি-৮০ এবং কম্পিউটার মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দ। | ঢাকা বিভাগের ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, নরসিংদী, কিশোরগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর ও টাঙ্গাইল জেলা।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২ | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪ (টাঃ ১০,২০০ - ২৪,৬৮০) | ১০ (দশ) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ। | |
| ৩ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪ (টাঃ ১০,২০০ - ২৪,৬৮০) | ৮ (আট) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁট-লিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ ও ইংরেজি-৭০ এবং কম্পিউটার মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দ। | |
| ৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (টাঃ ৯,৩০০ - ২২,৪৯০) | ৮ (আট) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে বাংলা-২০ ও ইংরেজি-২০ শব্দ। | |
| ৫ | গাড়ী চালক<br>গ্রেড-১৬ (টাঃ ৯,৩০০ - ২২,৪৯০) | ৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স; এবং<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ৬ | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০ (টাঃ ৮,২৫০ - ২০,০১০) | ১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা বিভাগের ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর ও টাঙ্গাইল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৭ | অফিস সহায়ক (এমএলএসএস)<br>গ্রেড-২০ (টাঃ ৮,২৫০ - ২০,০১০) | ২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৮ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০ (টাঃ ৮,২৫০ - ২০,০১০) | ৪ (চার) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে :

১। প্রার্থীর বয়স:

ক) ০৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১৮-৩২ বছর।

খ) 'জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের নথি নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ অনুযায়ী' ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

গ) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের বিপরীতে কর বিভাগীয় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমানের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারী/আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৫। প্রার্থীর যোগ্যতাযাচাই:

প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত **(ক্রমিক 'ক' হতে 'ঝ' পর্যন্ত)** কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক।

ঘ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ।

ঙ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

চ. গাড়ী চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

ছ. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

জ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক।

ঝ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশপত্র (Admit Card)।

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তীতে কর অঞ্চল-৯, ঢাকার নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে www.taxeszone9dhaka.gov.bd জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে SMS এর মাধ্যমে জানানো হবে।

৭। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, মিথ্যা তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সার্টিফিকেট, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্ম স্থান সহ প্রদত্ত তথ্যাবলী অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১০। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**১১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

ক. পরীক্ষায় অংশ গ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://tax9.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/০৫/২০২৩ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৬/০৬/২০২৩ খ্রি, বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ.Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন। আবেদনপত্র

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Aplicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Aplicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid মোবাইল নম্বর হতে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ক্রমিক নং-১ থেকে ৫ পর্যন্ত প্রার্থীর জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত টাকা) ও Teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ টাকা) এবং ক্রমিক নং-৬ থেকে ৮ এর জন্য ১০০/- (একশত টাকা) ও Teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার টাকা) অনধিক ৭২ বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

**প্রথম SMS: TAX9**<space>**UserID** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **TAX9 ABCDEF & send to 16222**
**Reply:** Applicant's Name, 223/112 will be charged as Application fee. Your PIN is 12345678. To pay fee Type TAX9<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS: TAX9**<space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **TAX9 Yes 12345678 & send to 16222**
**Reply:** Congratulations! Applicant's Name, Payment completed successfully for TAX9 Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি www.taxeszone9dhaka.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS- এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নেবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে: TAX9**<space>**Help**<space>**User**<space>**UserID** & send to 16222.
Example: **TAX9 Help User ABCDEF** & send to 16222.

ii. **PIN Numberজানা থাকলে : TAX9**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222.
Example: **TAX9 Help PIN 12345678** & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.taxeszone9dhaka.gov.bd ওয়েবসাইটে http://tax9.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/tax9 ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে ও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা alljob.query@teletalk.com.bd বা zone9dhaka@yahoo.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়াও টেলিটকের এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject Organization Name: **Taxes Zone-9**, Dhaka, Post Name. *****, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

*** ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য! প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। শুধুমাত্র লিখিত এবং ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৩। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

স্বা:-
০৭/০৫/২০২৬

( সাইয়ীদ ফাহ্‌দ আল করিম)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৯, ঢাকা
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।